

ভালবাসা

তুমি কি আকাশ দেখো, গালে হাত, একা আছো, একা!
কি বলেছে বুলেটিন? বড় হবে! রাস্তাঘাট ফাঁকা....
যে হাওয়া বৃষ্টি বয়, মেঘ ভাঙে, জলের তুফান!
আমি তাকে গায়ে মাখি, চোখে মুখে, অন্ধকারে, গান
অবুঝ ব্যাথার মতো, বিন্দু বিন্দু জলকণা জমে
সাগর এসেছে কাছে, ফিরে যাচ্ছে। ঢেউ, ঢেউ! ক্রমে
তুমি কাচ মুছে ফেলে কেঁপে ওঠো— ‘বেপরোয়া ছেলে।’
ভেনিসের রাজপুত্র, এসে গেছি, ঘুরিগ্লেসে তেলে...

ট্রেক

প্রপাতের ঢেউ অতলে নেমেছে, পান্না!
সবুজ পাইন, ঋজু, উদাসীন, মৌন
ঘোরানো পথের রেখা ধরে উঠি শীর্ষে
ক্যামেরার চোখ ভিজে যায় দ্রুত, বাষ্প
মেঘের শরীরে মেঘ বিঁধে ঘন বৃষ্টি!
কেঁপে ওঠে বন, তোলপাড়, জলশব্দে

পাহাড়, পাহাড়, তোমার কাছেই আসছি!

জুড়িগাড়ি থেকে সংগৃহীত

জয়ন্ত জয় চট্টপাধ্যায়